

## 🔳 আয-যারিয়াত | Adh-Dhariyat | ٱلذَّارِيَات

আয়াতঃ ৫১: ৪৮

আরবি মূল আয়াত:

## وَ الأرضَ فَرَشْنَهَا فَنِعمَ المَهِدُونَ ﴿٢٨﴾

## 

আর আমি যমীনকে বিছিয়ে দিয়েছি। আমি কতইনা সুন্দর বিছানা প্রস্তুতকারী! — আল-বায়ান আর যমীন- তাকে আমিই বিছিয়েছি, আমি কতই না সুন্দর (সমতল) প্রসারণকারী! — তাইসিরুল এবং আমি ভূমিকে বিছিয়ে দিয়েছি; আমি কত সুন্দরভাবে বিছিয়েছি এটা। — মুজিবুর রহমান

And the earth We have spread out, and excellent is the preparer. — Sahih International

৪৮. আর যমীন, আমরা তাকে বিছিয়ে দিয়েছি, অতঃপর কত সুন্দর ব্যবস্থাপনাকারী(১) (আমরা)!

(১) اَعَاهِدُونَ শব্দের অর্থ দুটি। এক. বিছানার মত সুন্দরভাবে বিছিয়ে দেয়া। দুই. সুন্দর ব্যবস্থাপনা তৈরী করা [দেখুন, কুরতুবী]।

তাফসীরে জাকারিয়া

- (৪৮) এবং আমি ভূমিকে বিছিয়ে দিয়েছি, [1] আমি কত সুন্দর বিস্তারকারী!
  - [1] অর্থাৎ, বিছানার ন্যায় তা আমি বিছিয়ে দিয়েছি।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=4723

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন